



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

E-mail: dgmsme@krishibank.org.bd

ফোনঃ

০২২২৩৩৮৮৯৪৯,

৯৫৭৩৯২৬

নং-বিকেবি-প্রকা /ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২২-২০২৩/ ২৩৪(১২৫০)

তারিখ : ২৮/০৭/২০২২

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% নারী উদ্যোগে রাখার লক্ষ্যমাত্রা বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের ০৭/০৭/২০২২ তারিখের পত্র সূত্র নং-এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৪)/২০২১-৩৬০৭ প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূলস্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহণের বিষয়টি বিবেচনায় নিয়ে নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের সেপ্টেম্বর ৫, ২০১৯ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ (এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক আগামী ২০২৪ সালে নারী উদ্যোক্তা খাতে ঋণ স্থিতি হতে হবে ব্যাংকের সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫%। নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালন করতে হবেঃ

- (ক) অত্র ব্যাংকের প্রতিটি শাখায় “ Women Entrepreneurs’ Dedicated Desk ” চালু রয়েছে, সেখানে প্রয়োজনীয় উপযুক্ত জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিয়োগ করে তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ডেস্কের দৃশ্যমান স্থানে “ Women Entrepreneurs’ Dedicated Desk” নামীয় ফলক প্রদর্শন করতে হবে এবং সম্ভাব্য/বিদ্যমান এসএমই নারী উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণের বিষয়ে তথ্য /পরামর্শ প্রদান করতে হবে ;
- (খ) ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে একটি “Women Entrepreneur’s Development Unit” (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) গঠন করা হয়েছে। এ ইউনিট শাখা পর্যায়ের Women Entrepreneurs’ Dedicated Desk সমূহের কার্যক্রম মনিটরিং করবে। নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটে নারী কর্মকর্তা নিয়োজিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে ;
- (গ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (ঘ) বর্তমান ২০২২-২৩ অর্থবছরে বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১৫ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করতে হবে। স্থাপিত ডেস্কের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সম্ভবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;
- (ঙ) নারী উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও) জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোক্তাদের অনুকূলে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সদ্যবহার নিশ্চিত করে এসএমই খাতে বিশেষত নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে ;
- চ) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই ঋণ সুবিধা ও প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবেন (এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২০/০৬/২০২২)। অত্র স্কীমের আওতায় ঋণ গ্রহিতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেন্টিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে ঋণ ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে। শাখাসমূহে উক্ত স্কীমের আওতায় প্রদত্ত ঋণের উপর প্রণোদনা প্রাপ্তির প্রক্রিয়া এবং প্রয়োজনীয় দলিলাদির তালিকা সম্বলিত লিফলেট/পোস্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে (সংযুক্ত নমুনা মোতাবেক) ;
- ছ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাগণকে উদ্ভুদ্ধকরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক প্রদত্ত নীতি সহায়তাসমূহ অবহিতকরণের নিমিত্ত বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি/কর্মশালার আয়োজন করতে হবে ;

(১৫)


৪

বিষয়ঃ সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% নারী উদ্যোগে রাখার লক্ষ্যমাত্রা বাস্তবায়ন প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এবং পত্রসূত্র নং-৩৬০৭, তারিখঃ ০৭/০৭/২০২২ নির্দেশনা অনুসরণপূর্বক আলোচ্য পুনঃঅর্থায়ন স্কীমে প্রণোদনা প্রাপ্তির প্রক্রিয়া, প্রয়োজনীয় দলিলাদির তালিকা সম্বলিত লিফলেট/পোষ্টার শাখাসমূহে প্রদর্শন এবং মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করাসহ সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% নারী উদ্যোগে অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি ৪ বর্ণনামতে।



(মোহাম্মদ মমেনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন-০২-২২৩৩৮৮৯৪০

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২২-২০২৩/ ২৮৪(১২৫৩)

তারিখঃ ৪ এ


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রখানি ব্যাংকর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ, বিকেবি
০৯. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১১. নথি/ মহানথি।


(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



সূত্র নং-এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৪)/২০২১-৩৬০৭

তারিখ : ০৭/০৭/২০২২

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়	
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।	
নং ২৮২	তারিখঃ ২২.০৭.২২
ডিএমডি - ৩	
জিএম	
ডিজেএম	
৮৩	
ব্যবস্থাপনা পরিচালক	

প্রিয় মহোদয়,

সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% নারী উদ্যোগে রাখার লক্ষ্যমাত্রা বাস্তবায়ন প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২; ১৭ আগস্ট, ২০২১ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-৮ এবং ২০ জুন, ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-২/২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধকরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নীতি সহায়তাসমূহ অবহিতকরণ এবং প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কাজিত মাত্রায় উন্নীতকরণের লক্ষ্যে ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/এজেন্ট ব্যাংকিং ইউনিটসমূহের দৃশ্যমান স্থানে সিএমএস খাতে নারী উদ্যোক্তাগণের জন্য প্রচলিত স্বল্পসুদের ঋণ, “স্মল এন্টার প্রাইজ রিফাইন্যান্স স্কীম” এর আওতায় প্রদত্ত ঋণের উপর প্রণোদনা প্রাপ্তির প্রক্রিয়া এবং প্রয়োজনীয় দলিলাদির তালিকা সম্বলিত লিফলেট/পোস্টার প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করার নির্দেশনা দেয়া হলো।

এছাড়াও উক্ত ঋণ কার্যক্রমে জড়িত মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করারও নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(আফসানা চৌধুরী)

যুগ্ম পরিচালক

ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-২০/২০৬৯৭

ই-মেইলঃ afsana.chowdhury@bb.org.bd

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১	
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা	
নং ৮৩	তারিখঃ ২০/০৭/২২
বিভাগঃ DGM	
credit	
ডিএসডি-১	

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----শাখা।

- বাংলাদেশ ব্যাংক ঘোষিত পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় শুধুমাত্র নারী উদ্যোক্তাদের ৫% সুদ হারে ঋণ প্রদান করা হচ্ছে ;
- উক্ত স্কীমের আওতায় যথাযথভাবে ও নির্ধারিত সময়ে ঋণ পরিশোধের ক্ষেত্রে গ্রাহকগণ (নারী উদ্যোক্তা) আরও ১% ইনসেন্টিভ সুবিধা প্রাপ্ত হবেন।

আগ্রহী নারী উদ্যোক্তাদের জাতীয় পরিচয়পত্র, ২কপি ছবি, ট্রেড লাইসেন্স ও প্রকল্প/ব্যবসার তথ্যাদিসহ শাখা ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করার অনুরোধ করা হলো।